

## ভর্তি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ, সেকশন-১৪, মিরপুর, ঢাকা-১২০৬-এ ২০২২-২৩ শিক্ষাবর্ষে **Master of Applied Criminology and Police Management (MACPM)** প্রোগ্রামে শিক্ষার্থী ভর্তি সংক্রান্ত তথ্যাবলী নিম্নে প্রদত্ত হলো :-

## ১। ভর্তির যোগ্যতা:

পুলিশ কর্মকর্তা এবং নন-পুলিশ কর্মকর্তাগণ যারা নিম্নোক্ত যেকোন শর্ত পূরণ করেন তারা যোগ্য বলে বিবেচিত হবেন-

- ক) যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান হতে যেকোন বিষয়ে ৩ (তিন)/৪ (চার) বছরের স্নাতক (সম্মান) ডিগ্রী অথবা স্নাতকোত্তর ডিগ্রী।  
খ) পুলিশ কর্মকর্তাদের জন্য: পুলিশ পরিদর্শক এবং তদুর্ধ্ব পুলিশ কর্মকর্তা যাদের অনূন্য ২ (দুই) বছরের চাকরির অভিজ্ঞতা রয়েছে।  
গ) ক্যাডার/নন-ক্যাডার বেসামরিক এবং সামরিক কর্মকর্তা, আইনজীবী এবং অন্যান্য পেশাজীবী যাদের ০৩ (তিন) বছরের চাকুরীর অভিজ্ঞতা রয়েছে।

## ২। আবেদনের নিয়ম:

পুলিশ স্টাফ কলেজের নির্ধারিত ফরমের মাধ্যমে আবেদন করতে হবে। পূরণকৃত আবেদন ফরমের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র জমা দিতে হবে:

- ক) এস.এস.সি/সম্মান হতে স্নাতক (সম্মান)/মাস্টার্স পর্যন্ত সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি;  
খ) জাতীয় বিশ্ববিদ্যালয় ব্যতীত অন্য বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রীধারীদের মাইগ্রেশন সনদের মূল কপি;  
গ) বিদেশী বিশ্ববিদ্যালয় থেকে ডিগ্রীধারী শিক্ষার্থীদের ক্ষেত্রে সমতা নিরূপনের সনদপত্র;  
ঘ) চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র;  
ঙ) পুলিশ প্রার্থীদের পদমর্যাদার প্রমাণপত্র (আইডি, বিপি নম্বরসহ);  
চ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৪ কপি রঙিন ছবি;

বিঃ দ্রঃ ১) প্রয়োজনীয় কাগজপত্র অসম্পূর্ণ থাকলে ভর্তি বাতিল বলে গণ্য হবে। ভর্তির সময় অবশ্যই কলেজ কর্তৃপক্ষের নিকট মূল সনদ ও নম্বরপত্র প্রদর্শন করতে হবে। এতে ব্যর্থ হলে আবেদনকারী ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবেন। কলেজ কর্তৃপক্ষ সনদ ও নম্বরপত্রের সত্যতা সম্পর্কে নিশ্চিত হয়ে বিশ্ববিদ্যালয়ে কাগজপত্র দাখিল করবেন।

২) শিক্ষা জীবনের যে কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণী অথবা সমমানের সিজিপিএ প্রাপ্ত প্রার্থী ভর্তির অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে;

## ৩। আবেদন ফি:

আবেদন ফরম জমাদানের সময় আবেদন ফি বাবদ ২০০০ (দুই হাজার) টাকা প্রদান করতে হবে।

## ৪। ভর্তি সংক্রান্ত তথ্যাবলী নিম্নরূপ:

(ক) ভর্তির ফরম [www.psc.gov.bd](http://www.psc.gov.bd) থেকে ডাউনলোড করা যাবে।

(খ) ভর্তি ফরম জমাদানের শেষ সময় ১০ ডিসেম্বর, ২০২৩ (বিকাল ৪টা পর্যন্ত)

বি: দ্র: নির্ধারিত সময়ের পর কোন অবস্থাতেই ব্যাংক ড্রাফট, ভর্তি বিবরণী ও অন্যান্য কাগজপত্র সংশ্লিষ্ট শাখায় গ্রহণ করা হবে না। বিলম্বে ভর্তির কোন প্রকার আবেদন জাতীয় বিশ্ববিদ্যালয়ে গৃহীত হবে না।


## ৫। পুলিশ কর্মকর্তাদের জন্য করণীয়:

- (ঘ) এএসপি ও তদুর্ধ্ব কর্মকর্তাগণ পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ নির্ধারিত আবেদনপত্রের সাথে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত আবেদনের ছক পূরণ করে স্ব স্ব ইউনিটের মাধ্যমে পুলিশ হেডকোয়ার্টার্স-এর পার্সোনাল ম্যানেজমেন্ট-১ শাখায় প্রেরণ করবেন।  
(ঙ) পুলিশ পরিদর্শকগণের আবেদনপত্র স্ব স্ব ইউনিটের মাধ্যমে পুলিশ হেডকোয়ার্টার্স-এর পার্সোনাল ম্যানেজমেন্ট-২ শাখায় প্রেরণ করতে হবে।  
(চ) সকল ক্ষেত্রে অগ্রগামী কপি পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ-এ অবশ্যই জমা দিতে হবে।

|                                       |  |
|---------------------------------------|--|
| কোর্সটির সময়কাল: ১২ মাস/০২ সেমিস্টার | আবেদনের সময়কাল: ১০ ডিসেম্বর ২০২৩ পর্যন্ত  |
| সর্বমোট ক্রেডিট: ৪০                   | প্রাথমিক ফলাফল প্রকাশ: বাছাইকৃত আবেদনকারীদের এসএমএস এর মাধ্যমে ভর্তি পরীক্ষার তারিখ ও সময় জানানো হবে। |
| ক্রাসের সময়: শুক্রবার ও শনিবার       | ক্রাস শুরুর তারিখ: জানুয়ারী ২০২৪  |

## ৬। যোগাযোগ:

যে কোন তথ্যের জন্য MACPM অফিস কক্ষ নম্বর-৪০৮, পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ, মিরপুর-১৪, ঢাকা-১২০৬। ফোন নম্বর- ০১৭১১৩০৫২০৬, ০১৩২০২১৬২১৩ ই-মেইল- [macpm.psc@gmail.com](mailto:macpm.psc@gmail.com) ওয়েবসাইট: [www.psc.gov.bd](http://www.psc.gov.bd)

  
২. ১১. ২৩  
পরিচালক (একাডেমিক)  
পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ